



বীর শহীদ আলাউদ্দিন

জন্ম তারিখ:	২৪ সেপ্টেম্বর, ১৯৬৭
শাহাদাতের তারিখ:	৬ আগস্ট, ২০২৪
বিভাগ:	ঢাকা সিটি
জেলা:	ভোলা

শহীদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত

পেশা: বাসার সিকিউরিটি,
শাহাদাতের স্থান : মধ্য বাড্ডা, ঢাকা

শাহাদাতের বিস্তারিত ঘটনা ও ইতিহাস

শহীদ আলাউদ্দিন মল্লিক ভোলা জেলার দক্ষিণ দিঘলদি ইউনিয়নের পশ্চিম বালিয়া গ্রামে ১৯৬৭ সালের ১৬ সেপ্টেম্বর সাধারণ মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। পরিণত বয়সে জীবন ও জীবীকার তাগিদে পাড়ি জমান ঢাকায়। মাত্র ১৩০০০ টাকার বিনিময়ে মধ্য বাড্ডার একটি বাসার সিকিউরিটির দায়িত্ব পালন করতেন তিনি। স্ত্রী ও তিন সন্তান নিয়ে একরুমের একটি বাসায় ভাড়া থাকতেন।

শহীদ আলাউদ্দিনের মৃত্যুর পরে তার বড় ছেলে আল-আমিন (২৩) বাবার পূর্বের কর্মস্থলে যুক্ত হয়েছেন।

শাহাদাতের ঘটনা

৫ আগস্ট ২০২৪। বাংলাদেশের ইতিহাসে স্মরণীয় হতে যাচ্ছে এই দিন। দীর্ঘ প্রায় দেড় যুগের ফ্যাসিস্ট শাসন, গুম খুন, আয়নাঘর, বিচারিক হত্যা, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, লক্ষকোটি টাকা বিদেশে পাচারসহ অসংখ্য অপরাধের মূল হোতা স্বৈরাচারী হাসিনা বাংলাদেশের ছাত্র-জনতার প্রতিরোধের মুখে টিকতে না পেরে অবশেষে পালিয়েছে দেশ ছেড়ে। তার সাথীরাও বর্ডার পার হয়ে চলে গেছে। যারা এখনো সীমান্ত পাড়ি দিতে পারেনি তাদের বেশিরভাগই এখন আত্মগোপনে রয়েছেন। কিন্তু গত দেড়যুগ ধরে গড়ে তোলা তার সশস্ত্র পেটোয়া পুলিশ বাহিনী তখনও সমানে গুলি চালিয়ে যাচ্ছে নিরস্ত্র, নিরপরাধ জনগণের উপর।

শহীদ আলাউদ্দিন মল্লিক কর্মস্থল থেকে বের হয়ে বাসার নিকটস্থ মসজিদে আসার নামাজ আদায়ের পর ব্যক্তিগত কাজের উদ্দেশ্যে বের হলে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে ছাত্র-জনতা ও পেটোয়া পুলিশের ধাওয়া পাল্টাধাওয়ার মধ্যে পড়ে যান।

এক পর্যায়ে পুলিশ বাহিনী ছাত্রদের উপর নির্বিচারে গুলি করতে শুরু করলে আলাউদ্দিন মল্লিক গুলিবিদ্ধ হন। ঘাতকের বুলেট সরাসরি তার মাথায় আঘাত করে, মল্লিক লুটিয়ে পড়েন রাজপথে। রাজপথের কালো পিচ তার রক্তে রঙ্গিন হয়ে উঠে। হৃদয়ের ধুকপুক তখনও একেবারে থেমে যায়নি। রাস্তা থেকে তাকে উদ্ধার করে আহত অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরদিন ৬ তারিখ সকাল ১১টা পর্যন্ত চলে চিকিৎসকদের সর্বাত্মক চেষ্টা। অবশেষে রব তার বান্দাকে নিজের কাছে ডেকে নেন, চিরতরে থেমে যায় হৃদয়ের ধুকপুক। ইম্মা-লিল্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজীউন।

শহীদ সম্পর্কে তার নিকটাত্মীয়র বক্তব্য

আমার ভগ্নিপতি মারা যাওয়ায় আমার বোনের পরিবার এখন বিপদগ্রস্ত। তিন সন্তান নিয়ে এখন তিনি দিশেহারা, তাকে সাহায্য দেওয়ার ভাষা জানা নেই। আমার ভগ্নিপতিকে যারা খুন করেছে তাদের বিচার চাই।

এক নজরে শহীদ আলাউদ্দিন মল্লিক

নাম : আলাউদ্দিন

জন্ম তারিখ : ২৪-০৯-১৯৬৭

পিতা : মো: কাঞ্চন মল্লিক

মাতা : মোসা: রোকেয়া বেগম

স্থায়ী ঠিকানা : গ্রাম: পশ্চিম বালিয়া, ইউনিয়ন: দক্ষিণ দিঘলদী, থানা: সদর থানা, জেলা: ভোলা

সন্তান : দুই ছেলে এক মেয়ে

পেশা : বাসার সিকিউরিটি

ঘটনার স্থান : মধ্য বাড্ডা, ঢাকা

আহত হওয়ার সময়কাল : ০৫-০৮-২০২৪ বাদ আছর

শাহাদাতের সময়কাল : ০৬-০৮-২০২৪ সকাল ১১টা, ঢাকা মেডিকেল

আঘাতের ধরন : মাথায় গুলি

আক্রমণকারী : পুলিশ

শহীদের কবরের বর্তমান অবস্থান : নিজ গ্রামে প্রতিবেশীর জায়গায়

পরিবার সংক্রান্ত তথ্য : নাম আল আমিন (২৩), বড়ছেলে, বর্তমানে বাবার কর্মস্থলে নিয়োজিত

কুলসুম : বিবাহিত

ইয়ামিন : ছোট ছেলে, ২৬ পারা হাফেজ

প্রস্তাবনা ১ : শহীদের হাফেজী মাদরাসায় পড়ুয়া ছেলে রয়েছে

তার পড়াশোনার খরচ বহন করতে পারলে ভালো হয়

পবিত্র কুরআনের বাণী

আর যারা আল্লাহর পথে নিহত হয়েছে তাদেরকে কখনোই মৃত মনে করো না; বরং তারা জীবিত এবং তাদের রবের কাছ থেকে তারা জীবিকা-প্রাপ্ত হয়ে থাকে। (সূরা আল-ইমরান ৩:১৬৯)

হাদীস শরীফ

হজরত আবদুল্লাহ ইবনে মাসউদ (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, “শহীদের আত্মা সবুজ পাখির পেটে থাকে।” (সহীহ মুসলিম ১৮৮৭)

দোয়া পাঠ: ০ জন

শহীদের স্মৃতিচিত্র ও ফটো গ্যালারি



City Care General Hospital & Diagnostic Center
Pajepan Bhadani, Level 7 & 8, Plot No. 9/23/4, Block #8, Shyambhaji Nagar Rd, Dhaka 1207
☎ +88 0241 601 001 ✉ info@citycarebd.com 🌐 www.citycarebd.com

DEATH CERTIFICATE

Certificate No: 30240801 Issue Date: 06-08-2024 UHID: 794

Name: MD. ALAUDDIN Gender: Male

Date Of Birth: 06-08-1969 Date Of Death: 06-08-2024 Time Of Death: 06:00 am

Religion: Islam Nationality: BANGLADESHI

Father Name: MONIRUL MALLIK (son) Mother Name: MONOWARA BEGUM (son)

Contact Name: EBI KULSUM Contact Number: 9772894788

Address: BHOLA SADAR, Bhola Sadar, Bhola Sadar, Bhola

Name (Present Body Owner): EBI KULSUM Mobile/WhatsApp Number: 01772894788

Address (Present Body Owner): MODIRHOM BACODA DHAKA

Date: 06-08-2024 CITY CARE GENERAL Time: 06:00 am

Cause Of Death: Irreversible cardio-respiratory failure due to gun shot injury penetrating skull & brain (auto-cytopsis)

Certifying Doctor: Dr. Md. Dilar U. Rashid

